

📖 মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ১০৭১

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৩. দ্বিতীয় অনুচ্ছেদ - জামা'আত ও তার ফযীলত সম্পর্কে

আরবী

وَعَنْ جَابِرٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا تُؤَخِّرُوا الصَّلَاةَ لِبَطْعَامٍ وَلَا لَغَيْرِهِ». رَوَاهُ فِي شَرْحِ السَّنَةِ

বাংলা

১০৭১-[২০] জাবির (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেনঃ আহার বা অন্য কোন কারণে সালাতে দেরি করবে না। (শারহু সুন্নাহ)[১]

ফুটনোট

[১] য'ঈফ : আবু দাউদ ৩৭৫৮, য'ঈফ আল জামি' ৬১৮২। কারণ এর সানাদে মুহাম্মাদ বিন মায়মূন আয্ যা'ফারানী একজন বিতর্কিত রাবী। ইমাম বুখারী (রহঃ) তাকে মুনকারুল হাদীস বলেছেন।

ব্যাখ্যা

ব্যাখ্যা: “খাবারের জন্য বা অন্য কোন কারণে সালাত বিলম্বিত করো না।” অর্থাৎ খাবারের কারণে বা অন্য কোন কারণে সালাতকে তার নির্ধারিত সময়ের পরে আদায় করবে না। যে হাদীসে খাবার উপস্থাপন করা হলে ইক্বামাত বলা সত্ত্বেও আগে খাবার খেতে বলা হয়েছে তা শুধুমাত্র সালাতের জন্য নির্ধারিত সময়ের মধ্যে বিলম্ব আদায় করার অনুমতি দেয়া হয়েছে। সালাতের ওয়াক্ত অতিক্রম করে বিলম্বিত করার অনুমতি দেয়া হয়নি। মোটকথা হলো সালাতকে অন্য সকল বিষয়ের উপর প্রাধান্য দিতে হবে। তবে যে ক্ষেত্রে সালাতের ওয়াক্ত প্রশস্ত থাকে এবং বিলম্ব করার বৈধ কোন কারণে ঘটে সে ক্ষেত্রে তা বিলম্বিত করা বৈধ। কিন্তু ওয়াক্ত সংকীর্ণ হয়ে গেলে কোন কারণেই তা বিলম্বিত করা বৈধ নয়।

হাদিসের মান: য'ঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=55631>

📖 হাদিসবিডি'র প্রজেক্টে অনুদান দিন